অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/31/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো দ্য গভর্নর মারিও এম. কুওমো ব্রিজ পাবলিক আর্ট প্রোগ্রামের জন্য নির্বাচিত আটজন নিউ ইয়র্কের শিল্পীর নাম ঘোষণা করেছেন

ব্রিজের বাইসাইকেল/পথচারী পথের পাশে 10টি কমিশন বসানো হবে

আর্টওয়ার্কের মধ্যে ভাস্কর্য, সাইকেল র‍্যাকস এবং একটি ম্যুরাল অন্তর্ভুক্ত আছে

যাবতীয় তথ্য ও ছবি দেখুন এখানে

ফ্যাক্ট শীট ডাউনলোড করুন এখানে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ দ্য গভর্নর মারিও এম. কুওমো ব্রিজ পাবলিক আর্ট প্রোগ্রামের বিজয়ীদের নাম ঘোষণা করেন। নিউ ইয়র্কের আটজন স্টেট শিল্পীকে পুরস্কৃত করা এই 10টি কমিশন সেতুর 3.6 মাইল সাইকেল/পথচারী পথের পাশে বা কাছে অবস্থান করবে। নিউ ইয়র্ক স্টেট থ্রুওয়ে অথরিটি (New York State Thruway Authority) প্রোগ্রামটিতে আর্টওয়েস্টচেস্টার (ArtsWestchester) এবং আর্টস কাউন্সিল অব রকল্যান্ড (Arts Council of Rockland)-এর সঙ্গে চুক্তিবদ্ধ হয় যা গভর্নর 2018 সালের সেপ্টেম্বরে প্রথম ঘোষণা করেন।

"নতুন গভর্নর মারিও এম. কুওমো ব্রিজ হাডসন ভ্যালিতে একটি আইকনিক গেটওয়ে," **গভর্নর কুওমো বলেন**। "সেতুর নৈসর্গিক বাইকিং ও হাঁটার পথের বরাবর বা পাশে এই 10টি পরিকল্পিত শিল্প স্থাপনা শুধু এই অঞ্চলের সমৃদ্ধ ইতিহাস উন্মোচিত করবে না বরং নিউ ইয়র্কের নতুন টুইন-স্প্যান ক্রসিং এবং বিশ্বমানের শৈল্পিক প্রতিভা প্রদর্শন করতে পারবে।"

এই প্রোগ্রামে থাকছে পাঁচটি ভাস্কর্য, চারটি বাইসাইকেল র‍্যাকস ও একটি ম্যুরাল। অব্যবহৃত তাপ্পন জি ব্রিজ (Tappan Zee Bridge) থেকে অবশিষ্ট ইস্পাত বর্তমানে নির্মিত তিনটি ভাস্কর্যের মধ্যে রয়েছে। অবস্থানগুলির মধ্যে রয়েছে রকল্যান্ড এবং ওয়েস্টচেস্টার ল্যান্ডলিংয়ে প্রতিটি পথের সমাপ্তির পাশাপাশি সাউথ নিয়েকের পার্শ্বপথ বরাবর স্থান। যে সব কমিশন উন্নয়নের বিভিন্ন পর্যায়ে রয়েছে তারা এ বছরের শেষেই ইনস্টলেশন কাজ শুরু করবেয়।

আর্টওয়েস্টচেস্টার, আর্টস কাউন্সিল অব রকল্যান্ডের প্রতিনিধি এবং থ্রুওয়ে অথরিটি 100টিরও বেশি আবেদনপত্র পর্যালোচনা করেছে যার মধ্যে ছিল শিল্পীর বক্তব্য, কাজের নমুনা এবং একটি প্রজেক্টের লক্ষ্য সংক্রান্ত বিবৃতি। সেমি-ফাইনালিস্টগণ তখন নির্বাচক কমিটির কাছে পূর্ণাঙ্গ প্রস্তাব জমা দেন।

আর্টওয়েস্টচেস্টার এই প্রতিযোগিতা পরিচালিত করে এবং ভাস্কর্য, বাইক র‍্যাকস এবং ম্যুলারের জন্য প্রস্তাবনার অনুরোধ জারি করে। নিউ এনওয়াই ব্রিজ কমিউনিটি বেনিফিটস প্রোগ্রাম এই উদ্যোগকে অর্থায়ন করছে।

থ্রুওয়ে অথরিটির এক্সিকিউটিভ ডিরেক্টর ম্যাথিউ জে. ড্রিসকোল বলেন, "গভর্নর মারিও এম. কুওমো ব্রিজের পথে সর্বজনীন শিল্পস্থাপনের এই প্রচেষ্টা এই পথের জন্য আগ্রহের আরেকটি মূল্যবান দিক যুক্ত করেছে। এই পথ বরাবর শিল্পগুলো নতুন দর্শনার্থীদের আকৃষ্ট করবে এবং অন্যান্যদের এই পথে ফিরে আসতে উৎসাহিত করবে যা আমাদের স্থানীয় অর্থনীতির জন্য ইতিবাচক। উপরন্তু, অব্যবহৃত তাপ্পন জি সেতুর ইস্পাত এই প্রকল্পে ব্যবহার তাদের উত্তরাধিকারকে সম্মান জানানোর মাধ্যমে এই প্রকল্পকে সত্যিই পূর্ণতা দান করেছে।"

গভর্নর মারিও এম. কুওমো ব্রিজ প্রজেক্ট ডিরেক্টর জেমস বার্বাস বলেন, "আজকের এই দিন পর্যন্ত, এই কমিউনিটি গভর্নর মারিও এম. কুওমো ব্রিজকে একটি ম্যাক্রো পর্যায়ের শিল্প হিসেবে অনুভব করেছে যেখানে উভয় তীরবর্তী অঞ্চল থেকে মনোমুগ্ধকর সময় কাটানোর জন্য এর উঁচু টাওয়ারগুলি পেরিয়ে গাড়ি চালানো হয়। এই 10টি কমিশনের প্রতিটির মাধ্যমে পথের ছয়টি ওভারলুকগুলোর সাথে দর্শকরা অচিরেই আরো দৃঢ় স্কেলের শিল্প অনুভব করবেন। আমরা গভর্নর কুওমোকে পাবলিক স্পেসে শিল্প স্থাপনের প্রতিশ্রুতির জন্য ধন্যবাদ জানাই।"

আর্টওয়েস্টচেস্টার প্রধান নির্বাহী কর্মকর্তা জ্যানেট টি. ল্যাংসাম বলেন, "শিল্প ও সংস্কৃতিতে বিনিয়োগ এই অঞ্চলের পর্যটনকে সমৃদ্ধিতে সাহায্য করবে এবং একই সময়ে এলাকার বাসিন্দাদের জীবনযাত্রার মান সমৃদ্ধ করবে। শেয়ারকৃত ব্যবহারের পথে সর্বজনীন শিল্পের সংযোগ, গভর্নর মারিও এম. কুওমো ব্রিজকে একটি প্রাথমিক পর্যটক আকর্ষণ হিসেবে আরও বেশি করে তুলে ধরবে এবং এই ব্যতিক্রমী গন্তব্য ব্রিজ দর্শনার্থীদের অনন্য স্থান প্রদান করে প্রাকৃতিক ও শৈল্পিক সৌন্দর্যের উভয় সুবিধা দিতে পারবে।"

আর্ট কাউন্সিল অব রকল্যান্ডের নির্বাহী পরিচালক শেরিল বাউন বলেন, "গভর্নর মারিও এম. কুওমো ব্রিজের চারপাশের পাবলিক স্পেসে সর্বজনীন শিল্পের দর্শনীয় কাজগুলি করতে আর্ট কাউন্সিল অব রকল্যান্ড এবং আর্টওয়েস্টচেস্টার নিউ ইয়র্ক স্টেট থ্রুওয়ে অথরিটির সঙ্গে অংশিদারী হতে পারায় রোমাঞ্চিত। জনপ্রিয় নিউ ইয়র্কের যেসব শিল্পী স্বাক্ষর করা ভাস্কর্য, বাইক র‍্যাকস এবং একটি রঙিন ম্যুরাল তৈরি করেছেন তারা নৈসর্গিক হাডসন নদীর দৃশ্যটিকে প্রানবন্ত করতে সাহায্য করবেন যার ফলে এই অঞ্চলের বাসিন্দা ও দর্শনার্থীদেরকে উপভোগ করার মতো একটি স্থানের সৃষ্টি করবে।"

নিচে 10টি কমিশনের শিরোনাম, শিল্পীর নাম, হোমটাউন এবং একটি সংক্ষিপ্ত বিবরণ দেওয়া আছে:

<u>ম্যুরাল</u>

দ্য ফ্লাক্স অব বেইং (ক্রিস সোরিয়া, নিয়েক)
প্রাকৃতিক পরিবেশ থেকে উপাদান নিয়ে সিলহৌটির সঙ্গে বিমূর্ত জ্যামিতিক স্তর মিশ্রন, এই ম্যুরাল হাডসন রিভার ভ্যালির সমৃদ্ধ জীববৈচিত্র্যকে উদযাপন করে।

<u>ভাস্কর্য</u>

অ্যাপ্রোচ (ফিটজোহিউ ক্যারোল, ব্রুকলিন)
এই ভাস্কর্যটি গভর্নর মারিও এম. কুওমো ব্রিজ এবং তার পূর্বসূরি তাপ্পন জি ব্রিজ উভয় থেকে ইস্পাত অন্তর্ভুক্ত করেছে। এই স্থাপনাটি একটি উন্নয়ন, অগ্রগতি এবং গতির এমন একটি ধারণা যা রকল্যান্ড কাউন্টির মধ্যে ব্রিজের পথের শুরুকে দৃষ্টিগ্রাহ্য করেছে।

কারেন্ট (শেরিল উইং-জি ওয়ং, ব্রুকলিন)
12টি আলোকিত ইস্পাত খিলান দ্বারা গঠিত কারেন্ট রূপান্তরকে উদযাপন করছে। নদী, আলো এবং সময়ের মধ্যে যে প্রবাহমানতা আছে তা এই গতিশীল ভাস্কর্য অবিরত প্রতিফলিত করছে। দিনের বেলাতে, এর ছায়া এবং রঙ্গিন আলোর প্রতিবিম্ব সদা পরিবর্তনশীল। সন্ধ্যায়, এটি আলোক অ্যানিমেশনের মাধ্যমে একটি শেয়ারকৃত স্থানিক অভিজ্ঞতা তৈরি করে যা পথিকদের গতিবিধির প্রত্যুত্তর দেয়।

লেপিং স্টারজিওন (ওয়েন্ডি ক্লেমপেরর, ব্রুকলিন)
একটি 14 ফুটের আটলান্টিক স্টারজিওন — যা রিবার এবং অন্যান্য সালভেজড ইস্পাত থেকে তৈরি — হাডসন রিভার থেকে উত্থিত হয়েছে। এই ভাস্কর্য প্রাচীন এবং দৃষ্টিনন্দিত মাছের অস্তিত্বকে উদযাপন করে যা এই অঞ্চলের ইতিহাস এবং ইতিকথার এবং এই বিপন্ন প্রজাতির মাছের পুনরুদ্ধারের প্রচেষ্টার অংশ।

তাপ্পন জি (ইলান এভারবুচ, লং আইল্যান্ড সিটি)
সাতটি বিমূর্ত অবয়ব একটি নৌকাকে একটি রূপক শেয়ার যাত্রায় পথচারী এবং বাইসাইক্লিস্টের পাশাপাশি চলছে। এই ভাস্কর্যটি আদিবাসী আমেরিকান লেনেপ এবং হাডসন রিভারে সাথে তাদের ইতিহাসের প্রতি শ্রদ্ধা নিবেদন করে, অন্যদিকে নদী পারাপারের ক্ষেত্রে সহযোগিতার মূল্য, কমিউনিটি গড়ে তোলা এবং নতুন দিগন্তের কাছে পৌঁছানোর প্রতীক হিসাবে অলংকৃত করে।

আনটাইটেলড, ইমার লেন্ডভাই এর জন্য (টমাস লেন্ডভাই, রনকনকামা)
সামান্য বাক নিয়ে, সমকেন্দ্রিক অষ্টভুজা রূপ নদীর পৃষ্ঠে ঢেউ অনুকরণ করে গভর্নর মারিও এম. কুওমো ব্রিজের আইকনিক টাওয়ারগুলিকে ফ্রেমবন্দি করে। তাপ্পন জি ব্রিজ থেকে ইস্পাত পুনরুদ্ধার করে তৈরি এই ভাস্কর্য শিল্পীর বাবার প্রতি শ্রদ্ধা নিবেদন করেছে।

বাইক র‍্যাকস

বাইক র‍্যাক (ডেভিড গ্রিনবার্গ, ব্রুকলিন)
মেরিন মোরিং বোলার্ডের পক্ষ থেকে জানানো হয়েছে যে এই সাইকেল র‍্যাকের নকশা হাডসন রিভারের ঐতিহাসিক গুরুত্বপূর্ণ বাণিজ্যিক পরিবহনের ধমনী স্বরূপ। ডিম্বাকৃতির একটি প্রারম্ভিক খিলান, যেখানে সাইকেল রাখা যাবে, এক্ষেত্রে তাদের ক্রস রিভার যাত্রাপথে সাইকেল আরোহীদের বিশ্রামের সুযোগ করে দেয়। পথের দুইটি স্থানে এই নকশা ব্যবহার করা হবে, একটি রকল্যান্ড ও একটি ওয়েস্টচেস্টারে।

বাইক র‍্যাক (ডেভিড গ্রিনবার্গ, ব্রুকলিন)
একখণ্ড গ্রানাইট পোস্ট রকল্যান্ড কাউন্টির পাথর কোয়ার্ক শিল্পকে স্মরণ করিয়ে দেয় এবং সাধারণ হিচিং পোস্টকে আহ্বান করে।

কনভারজিং ভিসটাস (ক্রিস্টোফার ফ্লিক, ব্রঙ্কস)
এই বাইক র‍্যাকের গতিশীল রূপ পালইসডিস এবং নিউ ইয়র্ক সিটি স্কাইলাইনকে স্মরণ করিয়ে দেয়, আর এই দুইটি দৃশ্য গভর্নর মারিও এম. কুওমো ব্রিজ পার হওয়ার সময় চোখে পড়বে।

আর্ট কমিউনিটি অংশীদার

আর্টওয়েস্টচেস্টার
1965 সালে একটি বসত ঘরে শিল্পকলা সমর্থনকারীরা এবং স্বেচ্ছাসেবকদের মধ্যে কথোপকথনের মাধ্যমে আর্টওয়েস্টচেস্টার শুরু হয় এবং এটি এখন নিউ ইয়র্ক স্টেটের বৃহত্তম বেসরকারি, অলাভজনক সাংস্কৃতিক সেবা সংস্থা। এর মূল লক্ষ্য হলো ওয়েস্টচেস্টার কাউন্টিতে শিল্পকলার প্রাপ্যতা, স্বাচ্ছন্দ্য ও বৈচিত্র্য নিশ্চিত করতে নেতৃত্ব, ভিশন, সহায়তা প্রদান করা। ওয়েস্টচেস্টার কাউন্টিতে এর প্রোগ্রাম ও সার্ভিস সবার জীবন সমৃদ্ধ করে। আর্টওয়েস্টচেস্টার অনুদানের মাধ্যমে কনসার্ট, প্রদর্শনী এবং নাটক তহবিলে সাহায্য করে থাকে; শিল্পীদের স্কুল ও কমিউনিটি সেন্টারে নিয়ে আসে; শিল্পকলার জন্য প্রচারণা চালায় এবং বৈচিত্র্যময় বিপণন উদ্যোগের মাধ্যমে দর্শক বৃদ্ধি করা।

আর্টস কাউন্সিল অব রকল্যান্ড
আর্টস কাউন্সিল অব রকল্যান্ড আমাদের কমিউনিটির শিল্পকলা, সংস্কৃতি ও শিল্পীদের ভূমিকাকে এগিয়ে নিতে নিবেদিত একটি অলাভজনক সংস্থা। এটি রকল্যান্ড কাউন্টিতে বিভিন্ন আর্থ-সামাজিক জনগোষ্ঠীর মধ্যে শিল্পকলার প্রতি মুগ্ধতা এবং অংশগ্রহণ বাড়াতে চায়, আর তারা এটি করে থাকে কমিউনিটি এবং আমাদের সদস্যদের আগ্রহের প্রোগ্রাম প্রদান করে, শিল্পী ও শিক্ষানুরাগীদের পেশাগত উন্নয়ন, শিল্পী ও শিল্পকলা সংস্থার বিপণন সংস্থান, সুযোগ সুবিধা প্রদান, বৃত্তি, এবং নেটওয়ার্কের সুযোগ বৃদ্ধি এবং সহযোগিতা দান করে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন